DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 06:38 PM

সারাদেশ

পাওনা টাকা নিয়ে বিরোধ, বিজয়নগরে হামলা-ভাঙচুর

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে বিদেশে লোক পাঠানোর পাওনা টাকা নিয়ে বিরোধের জেরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) রাত ৮টার দিকে উপজেলার পাহাড়পুর ইউনিয়নের ভিটি দাউদপুর গ্রামে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় অসিদ মিয়া (৬০) নামে এক বৃদ্ধ গুরুতর আহত হয়েছেন। তিনি ব্রাহ্মণবাড়িয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। এ ছাড়া মাহবুব, জুয়েল, লোকমান ও জিয়ানের নামের আরও চারজন প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

স্থানীয় বাসিন্দা ও আহতদের সূত্রে জানা গেছে, ভিটি দাউদপুর গ্রামের মাহবুবের সঙ্গে একই গ্রামের রহমত আলীর বিদেশে লোক পাঠানো সংক্রান্ত পাওনা টাকা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। বিরোধ নিষ্পত্তির জন্য স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উভয় পক্ষের সঙ্গে আলোচনা করে আগামী শনিবার সালিসের দিন নির্ধারণ করেন।

অভিযোগ রয়েছে, সালিসের আগেই বৃহস্পতিবার রাতে জালাল মিয়ার নেতৃত্বে একদল লোক রহমত আলীর ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তাঁকে মারধর করা হলে বাধা দিতে গিয়ে অসিদ মিয়াসহ আরও কয়েকজন আহত হন।

অভিযোগ অনুযায়ী, হামলাকারীরা পরে মাহবুবের একটি মোটরসাইকেল ও বাড়িঘরে ভাঙচুর চালিয়ে ব্যাপক ক্ষয়ক্ষতি করে।

পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। ভুক্তভোগী পরিবার জানিয়েছে, তারা এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি নিচ্ছে।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ ও...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/paona-taka-niye-birodh-bijyngre-hamla-bhangchur